উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ (৩৭তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২২, সময়: বেলা ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:<br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:<br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:<br>উপস্থানযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার পাওয়া যায় নাই। | | |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (জানু:/২২- ফেব্রু:/২২):**<br>-বালিয়াকান্দি উপজেলা অফিসার্স ক্লাব বর্ধিতকরণ প্রকল্পের বিল পরিশোধ-৮,৩১,৯৬০/- টাকা<br>-উপজেলা ভূমি অফিসের গ্যারেজ নির্মাণের বিল পরিশোধ - ৪,৫৩,৬৬৮/- টাকা<br>-উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২মাসের আপ্যায়ন বিল পরিশোধ-৩০,০০০/- টাকা<br>-ডিসেম্বর/২০২১ মাসের ইন্টারনিট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-ডিসেম্বর/২০২১ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের জানুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>- ম: ভাইস চেয়ারম্যানের জানু:/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মালীর জানুয়ারি/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৮৫০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর ডিসে:/২১ মাসের মজুরী বাবদ- ১৪,৮৫০/- টাকা<br>- পাম্প চালককে ডিসে:/২১ ও জানু:/২২ মাসের পারিশ্রমিক ভাতা প্রদান-১২,০০০/-টা.<br>-উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার যমুনা এ/১ বাসার টুকিটাকি মেরামত কাজের বিল পরিশোধ-১১,৭২০/- টাকা<br>-সমবায় অফিসের ব্যাসিন ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল পরিশোধ-৬,৫০৫/- টা.<br>-জানুয়ারি/২০২২ মাসের ইন্টারনিট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-জানুয়ারি/২০২২ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (জানু:/২২- ফেব্রু:/২২):**<br>-উপজেলার মাধ্যমিক পর্যায়ে শীতকালীন ও গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন এর বিল পরিশোধ-৫০,০০০/- টাকা<br>- আকশুকনা -- বাসুখালি রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ কাজের জামানত ফেরত এর বিল পরিশোধ-৭৪,৯২২/- টাকা<br>-উপজেলা পরিষদের ২ নং গেট এ রাস্তা সম্প্রসারণ ও ফুটপাত নির্মাণ কাজের বিল পরিশোধ- ৫৯,৩১২/- টাকা<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা (জানু:/২২- ফেব্রু:/২২):**<br>-বাণিজ্যিকভাবে উচ্চমূল্যের ফসল ও ফল বাগান স্থাপন বিষয়ক কৃষক প্রশিক্ষণের অগ্রিম বিল পরিশোধ-১,১৬,০০০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২):<br>- চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি<br>(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২):<br>- চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি | | |
| ০২- | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। সেইসাথে বিভিন্ন দপ্তরভিত্তিক গৃহীত উন্নয়ন কার্যক্রমসহ অন্যানয সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য এবং গত সভার সিদ্ধান্তসমূহের আলোকে দপ্তরভিত্তিক গুরুত্বপূর্ণ বিষয়গুলো যথাযথভাবে সম্পন্ন হয়েছে কি-না এ বিষয়ে পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনা করেন।<br>২। এ পর্যায়ে তিনি সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, আসন্ন মার্চ মাসে জাতীয় শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ সহ বিভিন্ন ধরনের জাতীয় কর্মসূচি। মার্চ মাসকে কেন্দ্র করে যে সকল কর্মসুচি রয়েছে এতে সকলের উপস্থিতিসহ সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।<br>৩। তিনি আরো জানান যে, বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধা কর্ণারের জন্য ৪৬টি বই তাম্রলিপি প্রকাশনা হতে ক্রয় করা হয়েছে। উক্ত ৪৬টি বই ক্রয় বাবদ ৭৫০০/- টাকা পরিশোধের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>২। আসন্ন মার্চ মাসকে কেন্দ্র করে যে কর্মসুচি রয়েছে তা বাস্তবায়নের নিমিত্তে সকলের সহযোগিতার জন্য অনুরোধ করা হয়।<br>৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের প্রকাশনা খাত হতে ৪৬টি বই ক্রয়ের ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ কর্মকর্তা জানান যে, হাসপাতালের বিভিন্ন চিকিৎসাসেবাসহ টিকা কার্যক্রম এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | স্বাস্থ্যসেবার মান বজায় রাখার নিমিত্তে চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদি পশুর চিকিৎসাসেবা কার্যক্রমসহ অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম এবং প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, গত ১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. 'প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প' (এলডিডিপি) এর সহযোগিতায় 'প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২২' সুন্দুর ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় বালিয়াকান্দি উপজেলায় ৩১২০ জন কৃষকের মধ্যে বিভিন্ন ফসলের বীজ ও সার বিতরণ করা হয়েছে। তার মধ্যে সরিষা কর্তন চলছে, অন্যান্য ফসল মাঠে আছে। এর মধ্যে ২০০ জন কৃষককে সূর্যমুখি ফুলের বীজ দেওয়া হয়েছিল যেগুলো ফুলে ফুলে ছেয়ে গেছে যা মানুষের বিনোদনের পাশাপাশি ভোজ্য তেলের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। চলতি বছরে প্রাকৃতিক দূর্যোগ হওয়া সত্ত্বেও বর্তমানে দন্ডায়মান ফসলের অবস্থা অনেক ভালো। পেঁয়াজ, রসুনসহ অন্যান্য ফসলের বাম্পার ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | প্রান্তিক পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট উন্নয়নের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন, মৎস্য খাদ্য মান পরীক্ষা এবং মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের পাশাপাশি মৎস্য চাষীদেরকে বিভিন্নভাবে পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কাজের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৬,০৯০ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৫,৫২১ জন এবং গ্রহণকারীর হার ৭৭.০৭%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা-শূন্য, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা- ২২ জন, আইইউডি-১৩ জন, ইমপ্লান্ট- ৪০ জন, গর্ভবর্তীর সংখ্যা-২০৯ জন, নবদম্পতির সংখ্যা-৪৭ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-০৬জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক বিদ্যালয়সমূহ আগামী ০২/০৩/২০২২ তারিখ থেকে চালু হবে। অনলাইন ক্লাশ চালু রয়েছে। এ | শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক সময়ে সময়ে | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২): <br> - চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি <br> (ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (ডিসে:/২১-জানু:/২২): <br> : চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি | | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। সেইসাথে বিভিন্ন দপ্তরভিত্তিক গৃহীত উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য এবং গত সভার সিদ্ধান্তসমূহের আলোকে দপ্তরভিত্তিক গুরুত্বপূর্ণ বিষয়গুলো যথাযথভাবে সম্পন্ন হয়েছে কি-না এ বিষয়ে পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনা করেন। <br> ২। এ পর্যায়ে তিনি সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, আসন্ন মার্চ মাসে জাতীয় শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ সহ বিভিন্ন ধরনের জাতীয় কর্মসূচি । মার্চ মাসকে কেন্দ্র করে যে সকল কর্মসূচি রয়েছে এতে সকলের উপস্থিতিসহ সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। <br> ৩। তিনি আরো জানান যে, বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধা কর্ণারের জন্য ৪৬টি বই তাম্রলিপি প্রকাশনা হতে ক্রয় করা হয়েছে। উক্ত ৪৬টি বই ক্রয় বাবদ ৭৫০০/- টাকা পরিশোধের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। <br> ২। আসন্ন মার্চ মাসকে কেন্দ্র করে যে কর্মসূচি রয়েছে তা বাস্তবায়নের নিমিত্তে সকলের সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। <br> ৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের প্রকাশনা খাত হতে ৪৬টি বই ক্রয়ের ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ কর্মকর্তা জানান যে, হাসপাতালের বিভিন্ন চিকিৎসাসেবাসহ টিকা কার্যক্রম এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | স্বাস্থ্যসেবার মান বজায় রাখার নিমিত্তে চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদি পশুর চিকিৎসাসেবা কার্যক্রমসহ অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম এবং প্রশিক্ষন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, গত ১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. 'প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প' (এলডিডিপি) এর সহযোগিতায় 'প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২২' সুন্দর ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় বালিয়াকান্দি উপজেলায় ৩১২০ জন কৃষকের মধ্যে বিভিন্ন ফসলের বীজ ও সার বিতরণ করা হয়েছে। তার মধ্যে সরিষা কর্তন চলছে, অন্যান্য ফসল মাঠে আছে। এর মধ্যে ২০০ জন কৃষককে সূর্যমুখি ফুলের বীজ দেওয়া হয়েছিল যেগুলো ফুলে ফুলে ছেয়ে গেছে যা মানুষের বিনোদনের পাশাপাশি ভোজ্য তেলের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। চলতি বছরে প্রাকৃতিক দুর্যোগ হওয়া সত্ত্বেও বর্তমানে দন্ডায়মান ফসলের অবস্থা অনেক ভালো। পেঁয়াজ, রসুনসহ অন্যান্য ফসলের বাম্পার ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | প্রান্তিক পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট উন্নয়নের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন, মৎস্য খাদ্য মান পরীক্ষা এবং মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের পাশাপাশি মৎস্য চাষীদেরকে বিভিন্নভাবে পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কাজের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬,০৯০ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৫,৫২১ জন এবং গ্রহণকারীর হার ৭৭.০৭%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা-শূন্য, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা- ২২ জন, আইইউডি-১৩ জন, ইমপ্লান্ট- ৪০ জন, গর্ভবর্তীর সংখ্যা-২০৯ জন, নবদম্পতির সংখ্যা-৪৭ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-০৬জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক বিদ্যালয়সমূহ আগামী ০২/০৩/২০২২ তারিখ থেকে চালু হবে। অনলাইন ক্লাশ চালু রয়েছে। এ | শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক সময়ে সময়ে | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জারীকৃত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২২/০২/২০২২ তারিখ হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান শুরু হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চলমান হয়েছে। এছাড়া ২০২২ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল ছাত্র-ছাত্রীদের টিকা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | ১। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের নীচ তলায় (পূর্বদিক) জরুরী মেরামতের নিমিত্তে ৯১,১১৬/- (একানব্বই হাজার একশত ষোল) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা আজকের মাসিক সভায় অনুমোদনের নিমিত্তে উপস্থাপন করা হলো।<br>২। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অর্থায়নে প্যাকেজ নং INF-২০২০-২১-৩০৮-২০৭-০৩; আড়কান্দি আবাসন প্রকল্প ভায়া পাটুরিয়া স্কুল সড়কে টাকিপাড়া খালে কালভার্ট নির্মাণ এর জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA Issue এবং কার্যাদেশ Issue করা হয়েছে। কিন্তু প্রস্তাবিত স্থানের অধিবাসী জনসাধারণের দাবির প্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক উক্ত স্থানে একটি স্লুইস গেট নির্মাণ কার্যক্রম অনুমোদন প্রাপ্ত হয়েছে। বিধায় বৃহত্তর জনস্বার্থ বিবেচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী মহোদয় উক্ত কালভার্টটি নির্মাণের জন্য রামদিয়া –শিতলদা রাস্তায় দক্ষিণবাড়ী মালেক মৌলভীর বাড়ীর সামনে বক্স কালভার্টটি পুণঃ নির্ধারণ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীর দপ্তর হতে প্রস্তাবিত (নতুন) স্থান সরেজমিন পরিদর্শন করে কালভার্টটি নির্মাণের জন্য কারিগরি পরামর্শ প্রদান করেন। এমতাবস্থায় উক্ত প্যাকেজের কালভার্ট নির্মাণের জন্য প্রস্তাবিত (নতুন) স্থানে কালভার্টটি নির্মাণের জন্য উপজেলা পরিষদের সদয় অনুমোদন প্রয়োজন।<br>৩। সভায় উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, ২০২০-২০২১ ইং অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় প্যাকেজ নং –e-Tender/RAJ/BALI/UDF/2020-21/01; টেন্ডার আইডি নং ৫৫৯৭১১ এর অধীন বালিয়াকান্দি উপজেলাধীন (১) মাশালিয়া বাজার, (২) নারুয়া বাজার (পরবর্তীতে সমাধিনগর শ্মশান বাজার), (৩) পদমদী কুড়িপাড়া বাজারে স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন কাজের জন্য মেসার্স শিরিনা ট্রেডার্স, পাংশা, রাজবাড়ী এর অনুকূলে প্রাক্কলিত মূল্য ২১,৪৩,২৩০.৭৯ টাকার বিপরীতে ২০,৩৬,০৬৮.২৫ টাকার চুক্তিমূল্যে কর্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে অনুমোদিত প্রাক্কলনের অন্তর্ভুক্ত টিউবওয়েল এর পরিবর্তে সুপেয় পানির গভীরতা বৃদ্ধি পাওয়ায় সার্বমার্জিবেল পাম্প এবং ১০ ইঞ্চি ইটের গাঁথুনি (উভয়েই Non-Tender Item) অন্তর্ভুক্ত করে সংশ্লিষ্ট ঠিকাদারের Quated Rate এর মাধ্যমে ২১,৩৭,৯১৮.৫২ টাকার সংশোধিত চুক্তিমূল্যের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা মূল চুক্তিমূল্য (২০,৩৬,০৬৯.২৫) অপেক্ষা ৫% উদ্ধদর এবং যাহা অনুমোদিত প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ আছে। উক্ত সংশোধিত প্রাক্কলিত চুক্তি মূল্য সদয় অনুমোদন প্রয়োজন। | ১। আলোচনান্তে প্রাক্কলনটি অনুমোদন করা হলো এবং বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>(২) বৃহত্তর জনস্বার্থ বিবেচনায় এবং ঠিকাচুক্তি ও প্রকল্প দপ্তরের নির্দেশনার ব্যতয় না করে প্রস্তাবিত (নতুন) স্থানে প্যাকেজের অর্ন্তভুক্ত কালভার্টটি নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>(৩)বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত সংশোধিত প্রাক্কলন (চুক্তিমূল্য) অনুমোদন করা হলো এবং বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী<br>উপজেলা চেয়ারম্যা, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী<br>উপজেলা প্রকৌশলী |
| | | ৪। সভায় উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, ইতোপূর্বে উপজেলা পরিষদের প্রকল্প অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক 'বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা হতে বাগচীডাংগী পাকা রাস্তা হতে মল্লিক পাড়া মসজিদ পর্যন্ত ফ্লাট সলিং দ্বারা উন্নয়ন এর পরিবর্তে "সাংগুড়া গ্রামীণ সড়ক ফ্লাট সলিং দ্বারা উন্নয়ন" শীর্ষক শিরোনামে পরিবর্তন আনা প্রয়োজন। এতদবিষয়ে উপজেলা পরিষদের সিদ্ধান্ত ও অনুমোদন প্রয়োজন। | (৪) প্রকল্পের শিরোনামটি পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা চেয়ারম্যা, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিধবা ও বয়স্ক ভাতাভোগীদের শতভাগ বিকাশ নম্বর প্রদান করা হয়েছে। ২য় কিস্তির অর্থ ধীরে ধীরে সকল ভাতাভোগী তাদের সক্রিয় বিকাশ নম্বার পাবেন। যাদের বিকাশ নম্বরে টাকা যায় নাই, তারা সমাজসেবা অফিসে এসে নম্বর যাচাই করতে পারবেন। গত ২ জানুয়ারি ২০২২ সারা দেশের ন্যায় বালিয়াকান্দি উপজেলাতে জাতীয় সমাজসেবা দিবস সুষ্ঠুভাবে পালিত হয়েছে। | বিকাশ হিসাব নম্বরের মাধ্যমে সকল ভাতাভোগীদের ভাতা প্রদানের বিষয়টি সঠিকভাবে নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ১৮০.৯৫ লক্ষ, ঋণ আদায় ৭৯.২১ লক্ষ, শেয়ার আদায় ০.০৫ লক্ষ এবং সঞ্চয় আদায় ১.০০ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আদায়ের লক্ষ্যমাত্রা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২২ উদযাপনের নির্দেশনা পাওয়া গেছে। ২০১৮-১৯ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতার ০৭ ইউনিয়নের ১৫৭ জন উপকারভোগীর স্ব স্ব ব্যাংক অ্যাকাউন্টে ৯৬০০/- টাকা করে বিতরণ করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাব ম্যানেজমেন্ট কমিটির (সিএসসি) সভা এবং ভিজিডি ২০২১-২০২২ চক্রের ষান্মাসিক সভা করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি ও ৮৫টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। এছাড়াও কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের আওতায় প্রকল্পভুক্ত আরো ১০০টি সমবায় সমিতি আছে, যা সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন করা হয়ে থাকে। সকল সমবায় সমিতির বার্ষিক অডিট পরিদর্শন, সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমসহ ২৫ জন সদস্যকে চলতি অর্থবছরে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের নিয়েও ০১টি সমবায় সমিতি রয়েছে। সেখানে সমবায় বিভাগ কর্তৃক ২৭,৯০,০০০/- টাকা (ঘূর্ণায়মান তহবিল) সরকারি ঋণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জুলাই/২০২১ হতে বর্তমান পর্যন্ত বিভাগীয় ০৫টি ও পল্লী উন্নয়নের আওতাভুক্ত সিভিডিপি প্রকল্পের ১২টি সমবায় সমিতিসহ মোট ১৭টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সমবায় বিভাগীয় সার্বিক কার্যক্রমকে আরো গতিশীল করার প্রচেষ্টা করা হবে মর্মে জানান। | সমিতির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪০০ জন এর বিপরীতে ৪০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে! শতকরা হার ১০০%। ফেব্রুয়ারি/২২ মাস পর্যন্ত মোট ১০৯ জনকে ২৩,৮০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। আত্মকর্মীর সংখ্যা ফেব্রুয়ারি/২২ পর্যন্ত ১২৮ জন। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক বলে জানান। | সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা ২০২১-২০২২ অর্থবছরের আওতায় গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওয়ায় বরাদ্দকৃত অর্থ দ্বারা ইতোমধ্যে গৃহীত সকল প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া ২টি ফেজে প্রাপ্ত কম্বল/শীতবস্ত্র জনগণের মাঝে বিতরণ সম্পন্ন করা হয়েছে। আরো জানান যে, দুর্যোগ সহনীয় বাসগৃহ বাবদ প্রাপ্ত ৯৬ লক্ষ টাকা দ্বারা ৪০টি বাসগৃহের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, এ কার্যালয়ে উপ-সহকারী প্রকৌশলীর পদটি শূন্য রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং উপ-সহকারী প্রকৌশলীর শূণ্য পদটি পদায়নের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের ০৩টি সাবমারসেবল নলকূপ ও ২টি তারা গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। যে সকল প্রতিষ্ঠানে নলকূপ স্থাপন করা হয়েছে সে গুলো হলো যথাক্রমে ১) উপজেলা ডরমেটরী ভবনে, ২) উপজেলা পাইলট উচ্চ বিদ্যালয়ে, ৩) চাপড়ী মাধ্যমিক বিদ্যালয়ে, ৪) চরফরিদপুর সর্বজনীন কালি মন্দির, ও ৫) রাজধরপুর বাজারে। এছাড়া মুজিব শতবর্ষের ৩০টি গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯ | বিবিধ | ০১) ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ পৃথক পৃথকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আওতাধীন বিভিন্ন সমস্যাদি তুলে ধরেন এবং স্ব-স্ব ইউনিয়ন এলাকাধীন রাস্তা, ব্রীজ, কালভার্টসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করেন।<br>০২) পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি সকলকে জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব, এডিপি, উন্নয়ন , হাট-বাজার ও উন্নয়ন পরিচালনার বরাদ্দকৃত অর্থ দ্বারা ইউনিয়ন ভিত্তিক অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সভায় মতামত ব্যক্ত করেন।<br>০৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি জানান উপজেলা পরিষদের আওতাভুক্ত বিভিন্ন রাস্তায় ঝড়ে পড়া এবং মরে যাওয়া গাছগুলো যে কোন সময় রাতের অন্ধকারে চুরি হওয়ার সম্ভবনা রয়েছে বিধায় উক্ত গাছগুলো বিধি মোতাবেক টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বিক্রিপূর্বক উপজেলা রাজস্ব তহবিলে জমা করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>০৪) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের ১০%হাট-বাজার আয় হতে প্রাপ্ত অর্থে গৃহীত বালিয়াকান্দি বাজারে সিসি রাস্তা নির্মাণ এর পরিবর্তে রামদিয়া বাজারে সিসি রাস্তা নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। যার প্রাক্কলিত মূল্য ৬,০০,০০০/- টাকা।<br>০৫) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ এর চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীর রুমে ডেকেরেশন/ সজ্জিতকরণ করা প্রয়োজন এবং এ বিষয়ে প্রশাসনিক অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>০৬) উপজেলা পরিষদ এর ১৭টি বিভাগের দপ্তর সংকুলান না হওয়ায় পরিত্যক্ত এক তলা ভবনটি অপসরণ করে দ্বিতল অফিস ভবন নির্মাণ বিষয়ে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>০৭) প্রসংগক্রমে উপজেলা চেয়ারম্যান আরো জানান যে, জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদের জীপগাড়ী নং-রাজবাড়ী-ঘ-১১-০০১১ এর ০৪(চার)টি টায়ার টিউবসহ অন্যান্য যন্ত্রাংশ ক্রয় এবং মেরামত সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদ কর্তৃক গঠিত একটি কমিটির মাধ্যমে যথারীতি কোটেশন বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশঅন্তে গৃহীত দরপত্রসমূহের তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কমিটি কর্তৃক উক্ত মালামাল এবং গাড়ী মেরামত সংক্রান্ত সর্বনিম্ন ৩,৫৯,৯০০/- (তিন লক্ষউনষাট হাজার নয়শত) টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে। বিধায় স্থানীয় সরকার বিভাগে প্রশাসনিক অনুমোদনসহ উক্ত অর্থ বরাদ্দের জন্য সংশ্লিষ্ট কাগজপত্রসহ পত্র প্রেরণের নিমিত্তে সভায় আলোচনা হয়। | ০১. ইউনিয়ন পর্যায়ে সকল সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) ইউনিয়ন পরিষদসহ স্ব-স্ব দপ্তরের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০৩)উক্ত গাছগুলো বিধি মোতাবেক টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বিক্রিপূর্বক উপজেলা রাজস্ব তহবিলে জমা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>৪) বালিয়াকান্দি বাজারে সিসি রাস্তা নির্মাণ এর পরিবর্তে রামদিয়া বাজারে সিসি রাস্তা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫)উপজেলা পরিষদ এর চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীর রুমে ডেকেরেশন / সজ্জিতকরণ সংক্রান্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬)পরিত্যক্ত এক তলা ভবনটি অপসরণ করে দ্বিতল অফিস ভবন নির্মাণ বিষয়ে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৭)আলোচনান্তে, উপজেলা পরিষদের উক্ত জীপগাড়ীর ০৪(চার)টি টায়ার টিউব ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় এবং মেরামত বিষয়ে প্রশাসনিক অনুমোদনসহ ৩,৫৯,৯০০/- (তিন লক্ষউনষাট হাজার নয়শত) টাকা প্রদানের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণেরঅনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/২/২০২২

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-১৬১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

০৭-২৪। উপজেলা ……………………কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী

২৫-৩১। চেয়ারম্যান ……………………(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী

৩২। অফিস কপি

( মোঃ হাসিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডা:মোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা: মোঃ মাজেদ সরদার | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আলমগীর বাদশা | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মর্জিনা বেগম | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাএর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ২১ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মো: রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ নাজিউর রহমান | উপজেলা ডেভলপমেন্ট ফাসিলেটেটর | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ |